



### পাকশিতে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ সফল করতে হবে

#### অধ্যাপক আযাদ

যেহেতু প্রাথমিক শিক্ষকগণ নিজেরা নিজের সাহায্য করে, সেহেতু আল্লাহ তাদের সাহায্য করবেন। তাদের ভাগ্যকে নস্যাত করার, তাদের জাতীয় মূল্যবোধের পরিপন্থী রাজনৈতিক ঘৃণিতে পরিণত করার, সকল ষড়যন্ত্র নস্যাত হবে। গতকাল পাকশি সমাবেশ প্যাণ্ডেলে আয়োজিত এক বিশাল কর্মী সমাবেশে অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন। তিনি সমবেত কর্মীদের উদ্দেশ্য করে বলেন, অতীতে সকল সমাবেশ, সম্মেলন ও বিক্ষোভ ঢাকা শহরে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ রাজধানী শহরে সমবেত শিক্ষকদের মেহমানদারী করেছে। যথাসাধ্য সাহায্য করেছে, ঢাকা মহানগরীসহ সারাদেশের শিক্ষকগণ সুদূর পাকশিতে উপস্থিত হবেন। ইশ্বরদী, ভেড়ামারা ও লালপুর উপজেলার প্রাথমিক শিক্ষকদের প্রমাণ করতে হবে তারাও ঢাকা মহানগরীর শিক্ষকদের ন্যায় সেবাদানে তৎপর ও সক্ষম।

অধ্যাপক আযাদ বলেন, পাকশির মহাসমাবেশকে সর্বাঙ্গিকভাবে সফল করে এদেশের প্রাথমিক শিক্ষকগণ একাধি সালের মত আবারও প্রমাণ করবে তারা সত্যিকার অর্থেই এ জাতির গুরু। সম্মেলন, আন্দোলন ও সংগঠন কিতাবে করতে হয় তা তারা এদেশবাসীকে শিখাবে।

এদিকে পাকশির মহাসমাবেশের সকল আয়োজন সম্পন্ন হয়েছে। কুষ্টিয়া, ভেড়ামারা, ইশ্বরদী ও পাকশিতে অভ্যর্থনা কমিটি আগত শিক্ষকদের সম্মেলন সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদান করবে। দক্ষিণ বঙ্গ হতে আগত শিক্ষকদের বাস পদ্দার পশ্চিমে রেখে পাকশি সেতু দিয়ে নদী পার হতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।